আগামী সপ্তাহে শান্তি চুক্তির লক্ষ্যে ফের বসছে ইরান-যুক্তরাষ্ট্র



সংগৃহীত ছবি

আগামী সপ্তাহের শুরুতেই ইসলামাবাদে ফের ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে আলোচনা শুরু হতে পারে বলে জানিয়েছে আলজাজিরা, ওয়াল স্ট্রিট জার্নালের তথ্যের বরাতে। সূত্রগুলোর দাবি, যুদ্ধবিরতি স্থায়ী করতে ১৪ দফার একটি সমঝোতা খসড়া তৈরি হচ্ছে। এতে ইরানের পারমাণবিক কর্মসূচি সীমিত করা, হরমুজ প্রণালিতে উত্তেজনা কমানো এবং সমৃদ্ধ ইউরেনিয়াম তৃতীয় কোনো দেশে পাঠানোর প্রস্তাব থাকতে পারে।

তবে নিষেধাজ্ঞা শিথিলের মাত্রা নিয়ে এখনো দুই পক্ষের মতভেদ রয়ে গেছে। আলোচনায় অগ্রগতি হলে ইরানের ওপর কিছু নিষেধাজ্ঞা সাময়িকভাবে শিথিলের সময় বাড়ানো হতে পারে বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

এদিকে পাকিস্তান যুদ্ধবিরতিকে স্থায়ী শান্তি চুক্তিতে রূপ দিতে সক্রিয় কূটনৈতিক ভূমিকা পালন করছে। পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার বলেন, সাময়িক বিরতির বদলে স্থায়ী সমাধান নিশ্চিত করাই ইসলামাবাদের লক্ষ্য। প্রধানমন্ত্রী শাহবাজ শরীফও চলমান আলোচনায় আশাবাদ ব্যক্ত করেছেন।

কূটনৈতিক সূত্রগুলোর মতে, এই আলোচনা সফল হলে মধ্যপ্রাচ্যে নিরাপত্তা পরিস্থিতি উন্নত হওয়া, জ্বালানি সরবরাহ স্থিতিশীল রাখা এবং উপসাগরীয় অঞ্চলে সামরিক উত্তেজনা কমানোর পথও সহজ হতে পারে। বিশ্লেষকদের ধারণা, চলমান সংলাপ অঞ্চলটির সামগ্রিক স্থিতিশীলতায় গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারে।